সময় কারো যে নাই, ওরা চলে দলে দলে—
গান হায় ডুবে যায় কোন্‌ কোলাহলে ॥
পাষাণে রচিছে কত কীর্তি ওরা সবে   বিপুল গরবে,
যায় আর বাঁশি-পানে চায় হাসিছলে ॥
বিশ্বের কাজের মাঝে জানি আমি জানি
তুমি শোন মোর গানখানি ।
আঁধার মথন করি যবে লও তুলি    গ্রহতারাগুলি
শোন যে নীরবে তব নীলাম্বরতলে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Kafi-Kanara
Visit www.geetabitan.com for notation and other detail